

## মূল্যস্ফীতি

১৯৯৫-৯৬ সালকে ভিত্তি বছর ধরে নির্ণীত ভোক্তা মূল্যসূচক অনুসারে বর্তমান অর্থবছরে পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে নির্ণীত প্রথম নয় মাসের গড় মূল্যস্ফীতি দাঁড়িয়েছে ৪.৭৮ শতাংশ। খাদ্য ও খাদ্য বহির্ভূত খাতে এ গড় মূল্যস্ফীতি যথাক্রমে ৪.৩৬ ও ৫.৮৪ শতাংশ। মূল্যস্ফীতির এ প্রবণতা সহনীয়। লক্ষ্যণীয় যে, নব্বইয়ের দশক থেকে বাংলাদেশে মূল্যস্ফীতির নিম্নহার বিদ্যমান রয়েছে। প্রধানত খাদ্য উৎপাদন বৃদ্ধি এবং আন্তর্জাতিক বাজারে ভোগ্য পণ্যের দামের নিম্নগামিতার কারণে মূল্যস্ফীতির এ নিম্নহার বজায় রাখা সম্ভব হয়েছে।